

**স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান এ্যাক্রেডিটেশন-খসড়া আইন প্রস্তুতের পটভূমি, প্রয়োজনীয়তা ও এতদসংক্রান্ত বিষয়ে  
ভবিষ্যৎ কর্মপরিকল্পনার সারসংক্ষেপ:**

স্বাস্থ্য সেবার গুনগত মানউন্নয়ন ও অধিকতর কার্যকর, উপায়ে জনগণের কাছে পৌঁছে দেওয়ার অভিপ্রায়ে ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচীর জনগুরুত্বপূর্ণ অপারেশনাল প্ল্যান- হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট এর ওপি লেভেল ইনডিকেটর -২ হিসাবে অন্তর্ভুক্ত করা হয় স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান এ্যাক্রেডিটেশন আইন এর খসড়া প্রস্তুতকরণ ও এ্যাক্রেডিটেশন বডি স্থাপন। এই কর্মসূচী বাস্তবায়নের ইতোমধ্যে গৃহীত পদক্ষেপ সমূহের মধ্যে উল্লেখ যোগ্য হলো এ্যাক্রেডিটেশন বিষয়ক জ্ঞানসম্পন্ন আন্তর্জাতিক মানের বিশেষজ্ঞ সমন্বয়ে তিন সদস্যবিশিষ্ট বিশেষজ্ঞ কমিটি গঠন, বাংলাদেশে এতদসংক্রান্ত বিষয়ে বিদ্যমান আইন পর্যালোচনা, স্বাস্থ্যসেবা ও চিকিৎসা শিক্ষা বিষয়ক ২০১৫ সালে প্রস্তুতকৃত খসড়া আইনের বাংলা ও ইংরেজি পাঠ পর্যালোচনা, কমিটি কর্তৃক প্রস্তাবিত প্রস্তাবনাসমূহ পর্যালোচনা এবং উক্ত প্রস্তাবনার ভিত্তিতে উন্নয়ন সহযোগী সংস্থা ইউএসএইড-মামনি-এমএনসিএসপি এর সহযোগীতায় প্রস্তুত করা হয় “বাংলাদেশ স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান এ্যাক্রেডিটেশন আইন (খসড়া), ২০১৮”। পরবর্তীতে উক্ত খসড়া আইনটি প্রেরিত হয় মন্ত্রণালয়ে। দীর্ঘ সময় অতিবাহিত হলে কাজের অগ্রগতিকে ত্বরান্বিত করতে হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট অপারেশনাল প্ল্যান এর “প্রাইভেট হেলথ কেয়ার ফ্যাসিলিটি রেগুলেটরি এন্ড এ্যাক্রেডিটেশন” কম্পোনেন্ট হতে ৩১ মার্চ, ২০২২ খ্রিঃ আয়োজিত হয় উক্ত বিষয়ের উপর কর্মশালা এবং একই সাথে ওপি লেভেল ইনডিকেটর-২ সামনে রেখে দেশের প্রেক্ষাপটে বর্তমানে প্রচলিত স্বাস্থ্য অবকাঠামোর সাথে সমন্বয় সাধনপূর্বক বাস্তবমুখী, যুতসই এবং প্রায়োগিক স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান এ্যাক্রেডিটেশন সিস্টেম চালু করার লক্ষ্যে স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান সমূহের সামগ্রিক স্বাস্থ্য সেবা প্রদানের পরিবর্তে পাইলোটিং ভিত্তিতে প্রাথমিক পর্যায়ে সুনির্দিষ্ট ও জনগুরুত্বপূর্ণ স্বাস্থ্য সেবা প্রদান সমূহকে (যেমন-MNH Services Accreditation Program) এ্যাক্রেডিটেশন করার কার্যকারীতা যাচাই লক্ষ্যে মহাপরিচালক (স্বাস্থ্য সেবা বিভাগ), স্বাস্থ্য অধিদপ্তর মহোদয়ের সদয় সম্মতিক্রমে উন্নয়ন সহযোগী সংস্থা ইউএসএইড-মামনি-এমএনসিএসপি এর কারিগরি সহযোগীতায় স্বাস্থ্য অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ ও দেশে বিদ্যমান বিভিন্ন পেশাদারী সংগঠন (বিএনএফ, ওজিএসবি, বিএসএ-সিসিপিপি) এর সহযোগীতায় গঠিত হয় স্বাস্থ্য সেবা ক্ষেত্রে উক্ত পাইলটিং কার্যক্রম চালানোর নিমিত্তে ন্যাশনাল এ্যাক্রেডিটেশন কমিটি এবং স্বাস্থ্য অধিদপ্তরের কারিকুলাম কমিটির অনুমোদন সাপেক্ষে প্রনয়ন করা হয় অ্যাসেসর ট্রেনিং গাইড লাইন। এ পর্যন্ত কমিটি অনুমোদিত ২৬ টি সরকারি ও বেসরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে প্রশিক্ষিত অ্যাসেসর টিম কর্তৃক (ইতোমধ্যে উন্নয়ন সহযোগী সংস্থা ইউএসএইড-মামনি-এমএনসিএসপি এর সহযোগীতায় পেশাদারী সংগঠন-বিএনএফ, ওজিএসবি, বিএসএ-সিসিপিপি কর্তৃক মনোনীত ৫৩ জন অ্যাসেসরকে ট্রেনিং প্রদান করা হয়) উক্ত কার্যক্রম পরিচালিত হয় এবং ২৩ টি সরকারি ও বেসরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে পরিচালিত কার্যক্রমের ফলাফল কমিটির নিকট উপস্থাপনপূর্বক অনুমোদন সাপেক্ষে ফীডব্যাক আকারে পাঠানো হয়। অদ্যাবধি তিনটি প্রতিষ্ঠানে পরিদর্শন কার্যক্রম সম্পন্ন হয়ে ফলাফল প্রস্তুত হলেও তা কমিটির নিকট উপস্থাপিত হয়নি। এ ছাড়াও অ্যাসেসম্যান্টের পক্ষপাতদুষ্টতা পরিহারের লক্ষ্যে বিগত দিনের কর্মশালার প্রস্তাবিত সিদ্ধান্তের প্রেক্ষিতে MNH Services Accreditation Program এর জন্য উন্নয়ন সহযোগী সংস্থা ইউএসএইড-মামনি-এমএনসিএসপি এর সহযোগীতায় প্রস্তুত করা হয় লাইভ সার্ভারের মাধ্যমে Mobile Responsive On-Site Assessment App. এবং তা একই সাথে স্বাস্থ্য অধিদপ্তরের MIS Server এ অন্তর্ভুক্তকরণ সম্পন্ন করা হয়। বর্তমানে যুগোপস্থ কার্যক্রম এবং একই সাথে মূল কার্যক্রম এর অংশ হিসেবে “স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান এ্যাক্রেডিটেশন আইন এর খসড়া প্রস্তুতকরণ ও এ্যাক্রেডিটেশন বডি স্থাপন” পুনরায় ত্বরান্বিত করতে বিগত বছর গুলোতে প্রস্তাবিত সংশোধনী সমূহ উপস্থাপনপূর্বক খসড়া আইনটি পুন:রায় বাংলাদেশ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের তৎসংশ্লিষ্ট অনুবিভাগে প্রেরণের নিমিত্তে এতদসংক্রান্ত বিষয়ে অভিজ্ঞ ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের চূড়ান্ত মতামত গ্রহণের জন্য কনসালটেন্ট ওয়ার্কশপ আয়োজন করা অতি জরুরী এবং তা জনস্বাস্থ্যে সাথে সম্পর্কিত জনগুরুত্বপূর্ণ বিষয়।

ডা. সাকিত মাহমুদ

ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার-০১

(প্রাইভেট হেলথ কেয়ার ফ্যাসিলিটি রেগুলেটরি এন্ড এ্যাক্রেডিটেশন)

হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।